উজ্জ্বল দত্ত, কলকাতা: হেলথ পয়েন্ট ব্লাড ব্যাঙ্কের পর এবার ৬টি বেসরকারি ব্লাড ব্যাঙ্কের বিরুদ্ধে তদন্ত শুরু করল রাজ্য ড্রাগ কন্ট্রোল। এই ৬টি ব্লাড ব্যাঙ্ক হল, ঘোষপুর পার্কের অশোক ব্লাড ব্যাঙ্ক, সোনারপুরের ইস্পাত কো-অপারেটিভ হাসপাতাল ব্লাড সেন্টার, বেলেঘাটার ওম ব্লাড সেন্টার, আলিপুরের কোঠারি মেডিক্যাল ব্লাড সেন্টার, হাজরার পিপলস ব্লাড ব্যাঙ্কের ও এন্টালির লাইফ কেয়ার। এদের বিরুদ্ধে অভিযোগ, অন্য রাজ্যে রক্ত-প্লাজমা পাচার-সহ একাধিক বেনিয়মের করছে এই ৬টি ব্লাড ব্যাঙ্ক। তাই তদন্ত শুরু করতে চলেছে রাজ্য ড্রাগ কন্ট্রোল। স্বাস্থ্য ভবন সূত্রে খবর, এই ৬টি ব্লাড ব্যাঙ্কের বিরুদ্ধে রাজ্য ড্রাগ কন্ট্রোলে অভিযোগ দায়ের করেছে রাজ্য ব্লাড ট্রান্সফিউশন কাউন্সিল। রক্ত সংগ্রহ, মজুত রাখা ও এক জায়গা থেকে আরেক জায়গায় পাঠানো সংক্রান্ত একাধিক অভিযোগ উঠেছে তাদের বিরুদ্ধে। তাদের বিরুদ্ধে গুরুতর গাফিলতিরও প্রমাণ মিলেছে। এর আগে হেলথ পয়েন্ট ব্লাড ব্যাঙ্কের লাইসেন্স বাতিল করেছিল ড্রাগ কন্ট্রোল। এবার তাদের র‍্যাডারে কলকাতার আরো ৬টি ব্লাড ব্যাঙ্ক। রাজ্য বেসরকারি ব্লাড ব্যাঙ্কে এরকম অনিয়ম দেখলে হয়তো ব্লাড ব্যাঙ্কের তকমা বেসরকারি হাত থেকে কেড়ে নেওয়া হতে পারে বলে খবর। অভিযোগ, এই ব্লাড ব্যাঙ্কে এজেন্টরা ও দালালরা রটিয়ে দেন সরকারি ব্লাড ব্যাঙ্কে রক্ত নেই। তা পাওয়া যায় না। পাশাপাশি মূলত রক্তদান শিবির যাঁরা করেন, তাঁদের কেউকেটুকে টাকাপয়সা বা অন্যান্য সুবিধা দিয়ে বেসরকারি ব্লাড ব্যাঙ্ক দ্বারা রক্তদান শিবির সংগঠন করাতে বাধ্য করে এবং ব্লাড ব্যাঙ্ক ব্যবসায়ীরা। এজেন্টই সরকারি ব্লাড ব্যাঙ্ক রক্তদান শিবিরে ডাক পায় না। সেক্ষেত্রে সরকারি ব্লাড ব্যাঙ্কে রক্তদান করতে চান না অনেকেই। সেই সঙ্গে বেসরকারি

ব্লাড ব্যাঙ্কে রক্তদান করলে মেলে দামি উপহার। তাই সরকারি ব্লাড ব্যাঙ্কের পক্ষে কখনো সম্ভব নয়। কিন্তু রক্তদাতারা কখনোই খেয়াল করেন না, বেসরকারি ব্লাড ব্যাঙ্ক শিবিরে রক্ত দান করলে পরের দিনই, তাঁর রক্ত বিক্রি করবে এমন ব্লাড ব্যাঙ্ক। কিন্তু সরকারি ব্লাড ব্যাঙ্কে রক্ত দান করলে দাতার রক্ত একজন মুমূর্ষু রোগী বিনা পয়সায় পেয়ে থাকে। তাই রাজ্য ব্লাড ট্রান্সফিউশন কাউন্সিলের অভিযোগের ভিত্তিতে এবার ৬টি ব্লাড ব্যাঙ্কের বিরুদ্ধে তদন্তে নামল রাজ্য ড্রাগ কন্ট্রোল। কিন্তু কী কী অভিযোগ জমা পড়েছে এই ৬টি ব্লাড ব্যাঙ্কের বিরুদ্ধে? ব্লাড ট্রান্সফিউশন কাউন্সিলের দাবি, অযোগ্য ব্যক্তিকে ডাক্তার, নার্স বা টেকনিক্যাল স্টাফ সাজিয়ে রক্তদান শিবিরে নিয়ে যাওয়া, রক্ত সংগ্রহের জন্য ক্লাবের পিছনে লাখ লাখ টাকা ব্যয়, রক্তের লোভে বাড়তি ক্যাম্প করা, প্রয়োজনের অতিরিক্ত পরিমাণে রক্ত সংগ্রহ, জাতীয় ব্লাড ট্রান্সফিউশন কাউন্সিলকে না জানিয়ে অন্য রাজ্যে রক্ত-প্লাজমা পাচার, ব্লাড ব্যাঙ্কের সঙ্গে যুক্ত নন এমন ডাক্তারদের নাম ব্যবহার করে প্রতারণা, স্বাস্থ্য ভবনকে বিকৃত, ভুয়ো নথি জমা দেওয়া, সরকারি আদেশ অমান্য করে রক্তদাতাদের থেকে অতিরিক্ত রক্ত টেনে নেওয়া, রেকর্ডে 'ফ্রি' লিখে রোগীদের থেকে টাকার বিনিময়ে রক্ত বিক্রি, রক্তের গুণমানের সঙ্গে আপোস, রক্তদাতা ও রক্তগ্রহীতাদের নিরাপত্তার সঙ্গে আপোসসহ একাধিক অভিযোগ জমা পড়েছে। ইতিমধ্যেই এই ৬টি ব্লাড ব্যাঙ্কে অভিযান চালিয়ে, লাইসেন্স সংক্রান্ত বিষয়ে পদক্ষেপ করতে ড্রাগ কন্ট্রোলকে জানাল রাজ্য ব্লাড ট্রান্সফিউশন কাউন্সিল।

লক্ষাধিক টাকা আত্মসাৎ পোস্টাল কো-অপারেটিভের প্রাক্তন হেড ক্লার্ক গ্রেফতার

বিপুল ভট্টাচার্য, বর্ধমান: বর্ধমানের পোস্টাল কো-অপারেটিভ মাল্টিপারপাস সোসাইটি অফ বর্ধমান লিমিটেডের কোটি টাকা তছরুপের দায়ে গ্রেফতার হলেন নন্দগোপাল দে। তাঁর বাড়ি বর্ধমান শহরের নতুনপল্লী এলাকায়। তিনি এই সোসাইটির যুগ্মভাবে প্রধান করণিক ও কোষাধ্যক্ষ তথা হিসাবরক্ষক। সোসাইটির বর্তমান সম্পাদক অর্ধেন্দু দাস জানান, নন্দগোপাল দে ২০০১ থেকে ২০২৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত কর্মরত ছিলেন। সমিতির সব চাবি, যাবতীয় অর্থ ও তহবিল সংক্রান্ত কাগজপত্র, হিসাবের খাতা, ভাউচার সবই তাঁর দায়িত্বে থাকত। অর্ধেন্দু দাস জানান, ২০২৩ সালে যখন ২০২১-২০২২ সালের অডিট চলছিল সেসময় ২০২৩ সালের ৩১ জানুয়ারি নন্দগোপাল দে সব চাবি নিয়ে বাড়ি চলে যান। পরের দিন তিনি নিজে অফিসে না এসে এক কর্মচারীর মাধ্যমে ওই চাবি অফিসে পাঠান। অর্ধেন্দু দাস জানান, ওই অডিটে ধরা পড়ে ৬১ লাখ ৯৫ হাজার ৬০৫ টাকার গরমিল। এব্যাপারে নন্দগোপালবাবুকে ওই টাকা ফেরত দেওয়ার আদেশও দেওয়া হয়। কিন্তু তিনি কোনো টাকা ফেরত দেননি। অর্ধেন্দু দাস জানান, ২০২১-২০২২ সালের পর ২০২২-২০২৩ সালের অডিটে এই গরমিলের পরিমাণ বেড়ে দাঁড়ায় ১ কোটি ১৩ লাখ ৬৩ হাজার ৩০৩ টাকা। যদিও তার মধ্যে ৪৯ লাখ ৭০ হাজার ৫৫৭ টাকার একটি হিসাব তাঁরা পান। স্বাভাবিকভাবেই বাকি ৬৩ লাখ ৯২ হাজার ৭৪৫ টাকা নন্দগোপাল দে আত্মসাৎ করেন। শুধু তাই নয়, অর্ধেন্দু দাস জানান এই টাকা গোঁজামিল দিয়ে ভুয়ো ভাউচার তৈরি করে, মিথ্যা লোনের হিসাব বোঝানোর চেষ্টা করেন নন্দগোপাল দে। কিন্তু সমিতির কোনো অনুমোদন ছাড়াই ওই টাকা খরচ কীভাবে হল তার কোনো সদুত্তর দিতে পারেননি নন্দগোপাল দে। এরমধ্যে নিজেকে বাঁচাতে তিনি সমিতির দুজন সদস্যের বিরুদ্ধে কেস করেন। কিন্তু সমিতি থেকে জানিয়ে দেওয়া হয় ওই দুজনের বিরুদ্ধে সমিতির কোনো অভিযোগ নেই। অর্ধেন্দু দাস জানান, বিশাল পরিমাণ এই টাকা নিজের হাতে না রেখে ব্যাঙ্কে রাখার কথা। কিন্তু নন্দগোপাল দে তা করেননি। অর্ধেন্দু দাস জানান এই ঘটনায় তিনি বর্ধমান থানায় লিখিত অভিযোগ করেন। কিন্তু পুলিশ কোনো ব্যবস্থা না নেওয়ায় তিনি আদালতের মাধ্যমে কেস করেন। তাঁদের পক্ষে আইনজীবী অয়নীল দাস জানিয়েছেন, আদালত নন্দগোপাল দের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে। তার পরিপ্রেক্ষিতেই বুধবার আদালতে আত্মসমর্পণ করেন নন্দগোপাল দে। আদালত তাঁর জামিন নাকচ করে আগামী ১৮ আগস্ট ফের আদালতে পেশ করার আদেশ দেন বিচারক।

অ্যাম্বুলেন্স চালককে মারধরের অভিযোগ এবার প্রাক্তন তৃণমূল কাউন্সিলরের বিরুদ্ধে

সুধীর রায়, দুর্গাপুর: সংবাদের শিরোনামে এবার দুর্গাপুরের প্রাক্তন তৃণমূল কাউন্সিলর হীরালাল বাউরী। ২০১২ থেকে ২০১৭ পর্যন্ত তৃণমূল পরিচালিত দুর্গাপুর পুরসভার ৩০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ছিলেন হীরালাল বাউরী। দুর্গাপুরের গান্ধী মোড়ে রয়েছে এই শহরের সকল রকমের অ্যাম্বুলেন্স পরিষেবা। এখানে অ্যাম্বুলেন্স পরিষেবা দিয়েই দিন গুজরান করেন বেকার যুবকেরা। অভিযোগ এখানে এম্বুলেন্স চালিয়েই দিন চালান ভিরিঙ্গির বাসিন্দা মানিক ধীবর। কিন্তু তৃণমূল জমানা শেষ হয়ে যাওয়ার পরে গত ৩ মাস ধরে এই এলাকার অ্যাম্বুলেন্স চালকরা তোলা দেওয়া বন্ধ করে দেয় ৩০ নম্বর ওয়ার্ডের প্রাক্তন তৃণমূল কাউন্সিলর হীরালাল বাউরীকে। এদের মধ্যে ১ এম্বুলেন্স মালিক মানিক ধীবর বলেন, 'গত ৪ আগস্ট রাত আটটা নাগাদ হীরা ও তার বন্ধু-বান্ধবরা মদ খেয়ে আমাকে প্রচণ্ড মারে ও বলে প্রতিমাসে ১০ হাজার টাকা তোলা না দিলে এখানে তোকে অ্যাম্বুলেন্স চালাতে দেওয়া হবে না। তারপর থেকে আমি আর গাড়ি চালাতে পারছি না। ঘটনার কথা আমি জানিয়েছি দুর্গাপুর পশ্চিমের বিজেপি বিধায়ক লক্ষ্মণ ঘড়ুইকে।' জিজ্ঞাসা করা হলে অভিযুক্ত প্রাক্তন তৃণমূল কাউন্সিলর হীরালাল বাউরী বলেন, 'এভাবে মিথ্যা অভিযোগ দিয়ে আমাকে ফাঁসানোর চেষ্টা হচ্ছে। আমি এ ধরনের কোনো ঘটনাই ঘটাইনি।' অন্যদিকে দুর্গাপুর পশ্চিমের বিজেপি বিধায়ক লক্ষ্মণ ঘড়ুই বলেন, 'ঘটনার কথা জানানো হয়েছে পুলিশকে। তদন্তের পরে আসল কথা বেরিয়ে আসবে।'

ট্রেনযাত্রীদের মানসম্মত পানীয় জল না দেওয়ায় ৬৬০ বোতল বাজেয়াপ্ত

সুমন কুমার দাস, খড়্গপুর: যাত্রীদের নিরাপদ ও মানসম্মত পানীয় জল দেওয়া নিশ্চিত করতে অনুমোদনহীন পানীয় জলের বোতল বিক্রি ও পরিবহণের বিরুদ্ধে জোরদার অভিযান চালায় দক্ষিণ-পূর্ব রেলের খড়্গপুর ডিভিশন। এই অভিযানের অংশ হিসেবে সাঁতরাগাছি স্টেশন ইয়ার্ডে বাণিজ্য বিভাগ বিশেষ তল্লাশি চালিয়ে একটি স্থানীয় অননুমোদিত ব্র্যান্ডের ৫৫টি ক্রেট অর্থাৎ ৬৬০টি পানীয় জলের বোতল বাজেয়াপ্ত করে। রেল সূত্রে জানা গেছে, যাত্রী স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি মাথায় রেখে অনেকদিন ধরেই খড়্গপুর ডিভিশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশন ও ট্রেনে নিয়মিত নজরদারি চালানো হচ্ছে। এই অভিযানে খড়্গপুর, সাঁতরাগাছি ও শালিমার স্টেশন ছাড়াও ১২৮৬০, ১২৮১৩, ১৭০৫৫ নম্বর ট্রেন সহ একাধিক যাত্রীবাহী ট্রেনে তল্লাশি চালানো হয়। পাশাপাশি অননুমোদিত পানীয় জল ও অন্যান্য খাদ্য সামগ্রী বিক্রি ও পরিবহণের বিরুদ্ধেও কড়া নজরদারি চালানো হয়। খড়্গপুর ডিভিশন জানিয়েছে, রেল চত্বর ও ট্রেনে শুধুমাত্র রেলের অনুমোদিত ব্র্যান্ডের প্যাকেটজাত পানীয় জল বিক্রির অনুমতি রয়েছে। অনুমোদনহীন পানীয় জল বিক্রি সম্পূর্ণ নিষিদ্ধ কারণ তা যাত্রীদের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে। রেল কর্তৃপক্ষ যাত্রীদের শুধুমাত্র অনুমোদিত রেল বিক্রেতাদের কাছ থেকে সিলবন্দি ব্র্যান্ডের প্যাকেটজাত পানীয় জল কেনার পরামর্শ দিচ্ছে।

যান্ত্রিক ত্রুটিতে রেশন ব্যবস্থা স্তব্ধ হয়রানির অভিযোগ উপভোক্তাদের

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান: যান্ত্রিক ত্রুটিজনিত কারণে চলতি সপ্তাহে আবার বৃহস্পতিবার রাজ্যের রেশন ব্যবস্থা স্তব্ধ হয়ে গেল। এদিন দুপুর পর্যন্ত পরিস্থিতি স্বাভাবিক হয়নি বলে জানা গেছে। উল্লেখ্য, গত মঙ্গলবার সকালে বেশ কিছুক্ষণের জন্য বন্ধ হয়ে পড়ে রাজ্যের রেশনিং ব্যবস্থা। রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে পূর্ব বর্ধমান জেলাতেও আচমকা এই ঘটনায় চূড়ান্ত হয়রানির শিকার হন উপভোক্তারা। ওয়েস্ট বেঙ্গল এম আর ডিলার্স অ্যাসোসিয়েশনের রাজ্য সম্পাদক পরেশ হাজরা জানান, 'এদিন সকাল থেকে ডিলাররা রেশনের মাল বণ্টনের জন্য তৈরি ছিলেন। কিন্তু যান্ত্রিক ত্রুটির জন্য এদিন সকাল থেকে দুপুর পর্যন্ত কোনো কাজই হয়নি। আমরা বিভিন্ন আধিকারিকদের দৃষ্টি আকর্ষণ করেছি।



রেশন বণ্টন সংক্রান্ত নতুন কিছু আধুনিকীকরণের কাজ চলছে। তার জেরেই সমস্যা হচ্ছে। রাজ্য সরকার চেষ্টা চালাচ্ছেন পরিস্থিতি স্বাভাবিক রাখতে। মঙ্গলবারের মত বৃহস্পতিবারও একই ঘটনা ঘটেছে। গ্রাহকরা হয়রানির মুখে পড়েছেন। আমরা তাঁদের বোঝাচ্ছি। এক্ষেত্রে রেশন ডিলারের কোনো কিছু করার নেই। নির্দিষ্ট ছুটির দিন বাদে প্রত্যেকদিনই ডিলারদের রেশন দোকান খোলা রাখা ও মাল দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।' আচমকা যান্ত্রিক ত্রুটির জন্য এদিনও সকালে রেশনের মাল দিতে না পারায় তিনি দুঃখপ্রকাশ করেছেন।

হুগলিতে আন্তঃরাজ্য মানব পাচার চক্রের মূল পাণ্ডাসহ গ্রেফতার ৪

অমিত চৌধুরী, হুগলি: মানব পাচার চক্রের মূল পাণ্ডা সহ ৪ জনকে গ্রেফতার করল হুগলি জেলা পুলিশের ধনেখালি থানা। গত ২১ ফেব্রুয়ারি ধনেখালি থেকে নিখোঁজ হয় ১৪ বছরের নাবালিকা। স্কুলে যাওয়ার উদ্দেশ্যে বেরিয়ে আর বাড়ি ফেরেনি। আত্মীয় পরিজনদের বাড়ি খোঁজার পর পরিবারের পক্ষ থেকে ধনেখালি থানায় অভিযোগ দায়ের করা হয়। অভিযোগ জানানো হয়েছিল, কোন ব্যক্তি অসৎ উদ্দেশ্যে তাঁদের নাবালিকা মেয়েকে প্রলোভন দেখিয়ে নিয়ে গেছে। অভিযোগের ভিত্তিতে ধনেখালি থানায় মামলা রুজু হয়। শুরু হয় তদন্ত। নাবালিকার পরিবারের সদস্য ও বান্ধবীদের কাছ থেকে জিজ্ঞাসাবাদ করে ১টি মোবাইল নম্বর পায় পুলিশ। সেই মোবাইল ফোনটি সুইচ অফ ছিল। এরপর তার পুঙ্খানুপুঙ্খ মূল্যায়ন করে জানা যায় যে মোবাইলটি উজ্জিল মণ্ডল নামে এক ব্যক্তি ব্যবহার করছে। তদন্তে প্রথমে মালদহ জেলার কালিয়াচক এলাকা থেকে উজ্জিল মণ্ডলকে গ্রেফতার করে পুলিশ। তদন্তে প্রাপ্ত তথ্য অনুযায়ী, উজ্জিল মণ্ডল টাকার বিনিময়ে নাবালিকাকে হাওড়া স্টেশনে রাজু ওরফে মফিজুল ইসলামের হাতে তুলে দেয়। নাবালিকাকে চাকরির প্রলোভন দেখিয়ে উত্তরবঙ্গে নিয়ে যাওয়া হয় বলে তদন্তে উঠে আসে। পরে নাবালিকা জানতে পারে যে তাকে দেহ ব্যবসায় বাধ্য করার উদ্দেশ্যে সেখানে নিয়ে যাওয়া হয়েছে। তাকে জোরপূর্বক যৌন নির্যাতন ও দেহ ব্যবসায় বাধ্য করা হয়। ধনেখালি থানার পুলিশ ও স্পেশাল অপারেশন গ্রুপ যৌথভাবে তদন্ত চালাতে থাকে। গ্রেফতার হওয়া উজ্জিল মণ্ডলকে জিজ্ঞাসাবাদে এক গুরুত্বপূর্ণ মোবাইল নম্বরের সন্ধান মেলে পুলিশের। সেই মোবাইল নম্বরের কল ডিটেইলস রেকর্ড বিশ্লেষণ করে জানা যায়, মূল অভিযুক্ত মফিজুল ইসলাম রায়গঞ্জ এলাকায় রয়েছে। পরিকল্পনা অনুযায়ী উজ্জিল মণ্ডলকে দিয়ে মফিজুল ইসলামের সঙ্গে যোগাযোগ করানো হয়। জানানো হয় যে, আরো এক তরুণীকে বিক্রি করার সুযোগ রয়েছে। তবে মফিজুল ইসলাম নিজে না এসে ইসলামপুরে ২ সহযোগীকে পাঠায়। এরপর ইসলামপুর থানার সহযোগিতায় ইসলামপুর বাসস্ট্যান্ডের লাগোয়া এলাকা থেকে ফিরোজা খাতুন ও ফজিরুল ইসলামকে গ্রেফতার করে। গ্রেফতার হওয়া ২জনকে জিজ্ঞাসাবাদে পুলিশ জানতে পারে, নিখোঁজ নাবালিকা মফিজুল ইসলামের হেফাজতেই রয়েছে। পুলিশ কৌশলে যোগাযোগ করে নাবালিকাকে নিরাপদে ফেরত আনার ব্যবস্থা করে। নিখোঁজ নাবালিকাকে উদ্ধার করে পুলিশ। ধনেখালি থানা ও স্পেশাল অপারেশন গ্রুপ যৌথ অভিযানে সম্প্রতি মূল অভিযুক্ত মফিজুল ইসলামকে ধর্মতলা এলাকা থেকে গ্রেফতার করে। অভিযানের সময় আরো ২ তরুণীকে উদ্ধার করা হয়। চাকরির প্রলোভন দেখিয়ে এই তরুণীদের উত্তরবঙ্গে নিয়ে যাওয়া হচ্ছিল বলে প্রাথমিকভাবে জানা গেছে। এই ঘটনায় মোট ৪জন গ্রেফতার হয়। অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয় পুলিশ। আন্তঃরাজ্য মানব পাচার চক্রের এক বড়ো সক্রিয় দলকে গ্রেফতার করল হুগলি জেলা পুলিশ।

বারুইপুরে পথ নিরাপত্তা সপ্তাহ পালন

প্রদীপকুমার সিংহ, বারুইপুর: পথ নিরাপত্তা সপ্তাহ উপলক্ষে বারুইপুর পুরাতন বাজার ট্রাফিক গার্ডের পরিচালনায় বৃহস্পতিবার সকালে বারুইপুর শিবানি পিঠের কাছ থেকে বারুইপুর রেলগেট হয়ে বারুইপুর জেলা পুলিশের অফিস পর্যন্ত একটি র‍্যালি করা হয়। বারুইপুর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার জোনাল অতীশ বিশ্বাস, বারুইপুর পুলিশ জেলার একাধিক আধিকারিক, বারুইপুর স্কুলের ছাত্রছাত্রীরা এনসিসি ক্যাডেটরা ও আলভা স্কাউট দলের সদস্য সদস্যরা বারুইপুর থানার আধিকারিক, বারুইপুর পুরাতন বাজার ট্রাফিক গার্ডের আধিকারিকসহ অন্যান্য সাধারণ মানুষ এতে অংশ নেন। র‍্যালির পরে আলফা স্কাউট দলের সদস্যরা একটি পথনাটিকা করে সাধারণ মানুষকে সচেতন করার জন্য। এছাড়া পথচলতি হেলমেটহীন স্কুটার মোটর বাইক চালক ট্রাফিকের তরফে ধরে সতর্ক করার জন্য অঙ্গীকার করে সই করানো হয়, আগামী দিন স্কুটার বা মোটরবাইক চালালে অবশ্যই হেলমেট রাখতে হবে। এছাড়া যারা হেলমেট পরে রাস্তা দিয়ে গাড়ি চালাচ্ছিলেন চারচাকা ড্রাইভার যাঁরা বেল্ট লাগিয়ে গাড়ি চালাচ্ছিলেন তাঁদের ধন্যবাদ জানিয়ে একটি করে গাছ উপহার দেওয়া হয়। এছাড়া বারুইপুর মহকুমা হাসপাতালে অ্যাম্বুলেন্স চালকদের সতর্ক করার জন্য সচেতনমূলক একটি বক্তব্য রাখে ট্রাফিক গার্ডের আধিকারিক। অ্যাম্বুলেন্সের ড্রাইভারদের বলেন, কখনোই নেশাগ্রস্ত হয়ে গাড়ি চালাবেন না। গাড়ি চালানোর সময় সতর্ক থাকতে হবে। ওভারটেক করতে গিয়ে যেন ওপর গাড়ির কোনো অসুবিধা না হয়। রাতে একটানা কেউ গাড়ি চালাবেন না।' বারুইপুর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার অতীশ বিশ্বাস বলেন, ৩ থেকে ৯ আগস্ট পর্যন্ত পথনিরাপত্তা সপ্তাহ পালন করা হয়। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর আদেশ অনুযায়ী প্রত্যেক মানুষকে গাড়ি চালাতে গেলে সতর্ক থাকতে হবে। হেলমেট ছাড়া মোটর বাইক ও স্কুটার বা গাড়ি চালানো যাবে না। ড্রিঙ্ক করে কখনোই গাড়ি চালানো উচিত নয়। রাশ ড্রাইভিং কখনোই করা উচিত নয়। এসবের জন্য ফাইন করা হয় ড্রাইভারদের। তবে আগের থেকে ড্রাইভাররা কিছুটা হলেও সতর্ক হয়েছে। আগামী দিনেও এই পথ নিরাপত্তা সপ্তাহ পালন করা হবে।'

পথনিরাপত্তা সপ্তাহ উপলক্ষে নববারাকপুরে পড়ুয়াদের সচেতনতা

অলক আচার্য, নব বারাকপুর: পশ্চিমবঙ্গ সরকারের পরিবহন দফতরের উদ্যোগে রাজ্য জুড়ে সর্বত্র ৩-৯ আগস্ট পালিত হচ্ছে পথ নিরাপত্তা সপ্তাহ। ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের বিভিন্ন থানায় ট্রাফিক মোড়ে চলছে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি। বৃহস্পতিবার দুপুরে পথ নিরাপত্তা সপ্তাহের চতুর্থ দিনে নববারাকপুর থানা ও সোদপুর ট্রাফিক গার্ডের যৌথ উদ্যোগে স্থানীয় কলোনী বয়েজ হাই স্কুলে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির ছাত্রদের স্মার্ট ক্লাসরুমে সড়ক নিরাপত্তা সচেতনতামূলক আলোচনা সভা হয়। প্রজেক্টারের মাধ্যমে ট্রাফিক আইন মেনে চলার গুরুত্ব, নিরাপদে গাড়ি চালানো, সিট বেল্ট ও হেলমেট ব্যবহারের প্রয়োজনীয়তা মদ্যপ অবস্থায় গাড়ি চালানো ও গাড়ি চালানোর সময় কানে মোবাইল ফোন ব্যবহার করার ঝুঁকি সম্পর্কে সচেতন করা হয়। পাশাপাশি পড়ুয়াদের নিরাপদ সড়ক ব্যবহার ও দায়িত্বশীল আচরণ ও সড়ক দুর্ঘটনা প্রতিরোধে উপায় ও নিরাপদ যাতায়াতের গুরুত্ব সম্পর্কে অবহিত করা হয়। উপস্থিত ছিলেন নববারাকপুর থানার আইসি সুপ্রিয় কুণ্ডু, সোদপুর ট্রাফিক গার্ডের ওসি কুমারেশ ঘোষ ও কলোনি বয়েজ হাই স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিতুন বিশ্বাসসহ থানার অন্যান্য পুলিশ আধিকারিক ও বিদ্যালয়েরসহ শিক্ষক শিক্ষিকারা। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিতুন বিশ্বাস জানান, পথ দুর্ঘটনায় ট্রাফিক আইন সম্পর্কে অনেক তথ্য পড়ুয়াদের ধ্যান ধারণা বাড়লো। কিছুটা হলেও সচেতনতা বৃদ্ধি হল পড়ুয়াদের। নাগেরবাজার থানার উদ্যোগে বৃহস্পতিবার সকালে থানা প্রাঙ্গণ থেকে পথ নিরাপত্তা সপ্তাহ ট্যাবলো ও ফেস্টুন নিয়ে টোটো মাইকিং করে এলাকায় সচেতনতা প্রচারভিযান কর্মসূচি পালন করা হয়।

কল্যাণী এক্সপ্রেসওয়েতে সতর্কবার্তায় ছাত্রছাত্রীরা

প্রতীতি ঘোষ, বারাকপুর: এবার বাইক চালানোর সময় হেলমেট পড়ার জন্য ও যাঁরা হেলমেট পরেননি তাঁদের সচেতন করার জন্য পুলিশের সঙ্গে স্কুলের ছাত্রছাত্রীরা এবার পথে নেমে মোটরবাইক চালকদের ফুল দিয়ে পথ নিরাপত্তা সম্পর্কে সচেতন করে। বৃহস্পতিবার বারাকপুর পুলিশ কমিশনারেটের তথা বাসুদেবপুর থানা ও ট্রাফিকের যৌথ উদ্যোগে কল্যাণী এক্সপ্রেসওয়েতে পথ নিরাপত্তা সপ্তাহ পালিত হয়। যেখানে সাধারণ মানুষকে পথ নিরাপত্তা নিয়ে বিশেষভাবে সচেতন করেন পুলিশ কর্মীরা। হেলমেট ছাড়া বাইক আরোহীদের

এদিন দাঁড় করিয়ে হেলমেট দেওয়া হয়। বাইক চালানোর সময় হেলমেট কেন পরতে হয় সেই সম্পর্কে সচেতন করার সঙ্গে ১টি করে গোলাপ ফুল হাতে তুলে দেন পুলিশ আধিকারিক। এক সচেতনতামূলক বার্তাও দেন। পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানান এলাকার স্থানীয় বাসিন্দা থেকে পথচলতি মানুষ ও গাড়ির চালকরা। এদিন বাইক আরোহীরা বলেন, 'পুলিশের উদ্যোগ খুবই ভালো কারণ মানুষকে সচেতন করা খুবই জরুরি। সবসময় সবাই হেলমেট পরে গাড়ি চালান না। হেলমেট পরেই বাইক চালানো উচিত। বিশেষ করে কল্যাণী এক্সপ্রেসওয়েতে গাড়ির গতি যতই নিয়ন্ত্রণ করুক পুলিশ তবুও অতিরিক্ত গতিতেই বেশিরভাগ গাড়ি ছোটে ফলে সেক্ষেত্রে বাইক আরোহীদের সবসময় নিজেদের নিরাপদ রাখার জন্য মাথায় হেলমেট দেওয়া উচিত।'

NOTICE INVITING e-TENDER

Ref E-NIT NO.-2026_ZPHD_1036641-1.
A e-tender (Notice-1750 EO NIT-62, Dated-06/08/2026) containing one number of scheme for Additional work OF STEEL FOOT OVER BRIDGE OVER EDEN CANAL FROM DILALPUR KEDPALA under Memari-I Panchayat Samity, Purba Bardhaman has been floated amounting to Rs. 3.49238 lakhs fund OWN.
Bid submission end on: -14/08/2026 at 11.00 A.M.
Log on Gov. Website (www.wbtenders.gov.in)
Please look for details in the undersigned office notice board.

Sd/-
Executive Officer,
Memari-I Panchayat Samity,
Memari, Purba Bardhaman

কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ১৮রবীন্দ্র সরণী, পোদ্দার কোর্ট, গেট নং-৪, চতুর্থ তল, রুম নং-৪, কলকাতা - ৭০০০০১
CIN : L27104WB1980PLC033133
৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ

(ই পি এস ব্যতীত লাখ টাকায়)

ক্র. নং	বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৬ (অনিরীক্ষিত)	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত)	সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত)
১.	রেভিনিউ			
	মোট আয়	১০.৭৭	১৬.৩২	২৫২.১৪
২.	ব্যয়			
	মোট ব্যয়	৯.৬৮	১১.৪৪	২৩৭.৮২
৩.	অতিরিক্ত দফা এবং করের আগে লাভ (১ - ২)	১.০৯	৪.৮৮	১৪.৩২
৪.	ব্যতিক্রমী দফা	০.০০	০.০০	০.০০
৫.	করের আগে লাভ (৩ - ৪)	১.০৯	৪.৮৮	১৪.৩২
৬.	কর ব্যয়	০.২৯	১.২৭	৩.৭৩
৭.	এই বছরের লাভ (৫ - ৬)	০.৮০	৩.৬১	১০.৫৯
৮.	অন্যান্য কম্প্রিহেনসিভ আয় (নীট কর)			
৯.	এই বছরের মোট কম্প্রিহেনসিভ আয়	০.৮০	৩.৬১	১০.৫৯
১০.	আদায় প্রদত্ত ইক্যুইটি শেয়ার মূলধন			
	(প্রতিটি শেয়ারের প্রারম্ভিক মূল্য ১০ টাকা করে)	১৮,২১,৩৪,০০০	১৮,২১,৩৪,০০০	১৮,২১,৩৪,০০০
১১.	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০ টাকা করে)			
	(ক) মূল	০.০০৪	০.০২০	০.০৫৮
	(খ) লঘুকৃত	০.০০৪	০.০২০	০.০৫৮

দ্রষ্টব্য: সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর
শৈলেন রায়
ম্যানেজিং ডিরেক্টর
DIN No. : 09673558

স্থান : কলকাতা
তারিখ : ০৬.০৮.২০২৬

ENTERPRISE INTERNATIONAL LTD.

Regd. Office: " MALAYALAY" Unit No. 2A(s), 2nd Floor, 3 Woodburn Park, Kolkata-700020
CIN No.L27104WB1989PLC047832
Ph. No.: 033-40448394; Fax: 033-40448615;
E-mail: contact@eilgroup.com , website www.eilgroup.co.in.

EXTRACT STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30TH , 2026

Sl. No.	Particulars	Quarter ended 30-06-2026 (Un-audited)	Quarter ended 31-03-2026 (Un-audited)	Quarter ended 30-06-2025 (Un-audited)	Year ended 31-03-2026 (Audited)
1	Total income from operations	136.13	16.74	253.72	489.58
2	Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#)	69.94	2.21	(4.49)	(2.55)
3	Net Profit/(Loss) for the period before Tax (after Exceptional and/or Extraordinary items#)	69.94	2.21	(4.49)	(2.55)
4	Net Profit/(Loss) for the period after Tax (after Exceptional and/or Extraordinary items#)	51.95	3.65	(4.57)	(1.44)
5	Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	(5.34)	(6.64)	6.15	(86.76)
6	Equity Share Capital	298.46	298.46	298.46	298.46
7	Reserves (excluding Revalustion Reserve) as a shown in the Audited Balance Sheet of the previous year	1,023.00	-	1,066.17	976.39
8	Earning Per Share (of 10/- each)(for continuing and discountunued operations)				
	Basic :	1.74	0.12	(0.15)	(0.05)
	Diluted :	1.74	0.12	(0.15)	(0.05)

1) The above Financial Results were reviewed by the Audit Committee and approved by the Board of Directors of the Company at the meeting held on 06th, August, 2026.
2) The above is an extract of the detailed format of Financial Results filed with the Stock Exchange under regulation 33 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly & Year ended Finacial Results are available on the Stock Exchage Website www.bseindia.com and the Company's website www.eilgroup.co.in.

For ENTERPRISE INTERNATIONAL LTD.
Sd/- Gopal Das Sarda
(whole time Director), DIN : 00565666

Place : Kolkata
Date : 06th August, 2026

बैंक ऑफ़ इंडिया BOI
Bank of India
Relationship beyond Banking

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

বারাসাত জোনাল অফিস
অ্যাসেট রিকভারি ডিপার্টমেন্ট
দ্বিতীয় তল, ডিড-২, সল্টলেক সেক্টর-১, বিধাননগর, কলকাতা - ৭০০০৬৪

পরিশিষ্ট-IV

দখল বিজ্ঞপ্তি

(স্থাবর সম্পত্তির জন্য)

এতদ্বারা,
নিম্নে স্বাক্ষরকারী **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, নাগের বাজার শাখার** অনুমোদিত আধিকারিকের পক্ষ থেকে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) সেকশন সহ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর ৩নং ধারা অনুযায়ী **০১.০৬.২০২৬ তারিখে দাবি বিজ্ঞপ্তি** পাঠিয়ে **ঋণগ্রহণকারী মি. সুভাষ হালদার ও মিসেস. মধু হালদারকে** বিজ্ঞপ্তিতে উল্লিখিত **২৩,৫৫,৫৫৬.০০ টাকা (তেইশ লাখ পঞ্চান্ন হাজার পাঁচশ ছাপ্পান্ন টাকা মাত্র)** + ২৯.০৫.২০২৬ তারিখ থেকে প্রযোজ্য ইউসিআই সহ **২৯.০৫.২০২৬ তারিখ থেকে বার্ষিক ৯.৮৫% হারে মাসিক ভিত্তিতে পরবর্তী সুদ নিয়ে বার্ষিক ২.০০% হারে** পেনার ইন্টারেস্ট ধরে মোট অর্থাঙ্ক দাবি বিজ্ঞপ্তি পাওয়ার ৬০ দিনের মধ্যে পরিশোধ করে দেওয়ার জন্য বলা হয়েছিল।

ঋণগ্রহণকারী উপরোক্ত বকেয়া পরিশোধ করতে অসফল হয়েছে। তাই, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর ৮নং রুল সহ উপরোক্ত বিবৃত আইনের সেকশন ১৩-এর সাব-সেকশন ৪ অনুযায়ী এতদ্বারা ঋণগ্রহণকারী ও জনসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, উপরোক্ত ঋণ নেওয়া ব্যক্তি ব্যাঙ্ককে ঋণ শোধ করতে না পারায় নিম্ন স্বাক্ষরিত ব্যক্তি নিম্নে বিবৃত সম্পত্তি **০৫.০৮.২০২৬** তারিখে দখল নেওয়ার জন্য এই বিজ্ঞপ্তি প্রকাশ করছে।

এতদ্বারা, বিশেষভাবে ঋণগ্রহণকারী ও সার্বিকভাবে জনসাধারণকে এই মর্মে সাবধান করা হচ্ছে যে, উক্ত সম্পত্তির সঙ্গে কোনো রকম ব্যবসায়িক কার্যকলাপ যেন না করা হয় ও যদি উক্ত সম্পদের সঙ্গে কোনো রকম ব্যবসায়িক কার্যকলাপ করা হয় তাহলে **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, নাগের বাজার শাখা ২৩,৫৫,৫৫৬.০০ টাকা সহ সুদ নিয়ে মোট অর্থাঙ্ক** জরিমানা করবে।

উক্ত অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন-৮ অনুযায়ী বন্ধকী সম্পত্তি ছাড়ানোর জন্য যে সময় পাওয়া যাবে সে ব্যাপারে ঋণগ্রহণকারীর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

অ্যাডভান্সড অ্যাকাউন্ট : ৪২৪৪৭৫১১০০০০২৭৪

বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ
সিকিওরিটির ধরণ

বন্ধকী সমতুল সম্পত্তিটি 'প্রমানন্দ অ্যাপার্টমেন্ট' নামক রেসিডেন্সিয়াল বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে কমবেশি ৮৪০ বর্গফুট সুপার বিল্ট আপ এলাকা নিয়ে ফ্ল্যাট নং - জি/৭-এর সমস্ত অংশ যেটি মৌজা : দিগলা, জেএল নং - ১৮, রেসা নং - ১৬৯, তৌজি নং - ১৭৩, এলআর দাগ নং - ২২২১, এলআর খতিয়ান নং - ৩২২৬, ৩২২৭, ৩২২৮, ৩২২৯ ও ৪৫৬০, এডিএসআর কাশীপুর দমদম, হোল্ডিং নং- ৫৭২ কবি মুকুন্দ দাস রোড ওয়ার্ড নং - ২, দক্ষিণ দমদম পুরসভার আওতায় থানা : দমদম, জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা - ৭০০০৬৫-তে ০২.১২.২০২২ তারিখের টাইটেল ডিড নং-I-১৫০২-০৭৪৭২/২০২২ অনুযায়ী নিবন্ধীকৃত।

সম্পত্তিটির চৌহদ্দি নিম্নরূপ —
বিল্ডিংয়ের চৌহদ্দি — উত্তরে : সুকুমার দাসের জমি, **দক্ষিণে :** ২৩ ফুট চওড়া কবি মুকুন্দ দাস রোড, **পূর্বে :** ৭ ফুট চওড়া রাস্তা, **পশ্চিমে :** সুপর্ণা বড়াই, পাপিয়া বিশ্বাস ও মৃদুলা সেন বিশ্বাসের জমি।
ফ্ল্যাটের চৌহদ্দি — উত্তরে : খোলা আকাশ, **দক্ষিণে :** সিঁড়ি ও অন্যান্যদের ফ্ল্যাট, **পূর্বে :** অন্যান্যদের দোকানঘর, **পশ্চিমে :** কমন প্যাসেজ।

তারিখ : ০৫.০৮.২০২৬
স্থান : নাগের বাজার

স্বা/- চিফ ম্যানেজার ও অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, নাগেরবাজার শাখা, বারাসাত জোন

হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড

CIN No. : L28991WB1981PLC033462
রেজি.অফিস : ৭ এ, ব্রজদুলাল স্ট্রিট, কলকাতা- ৭০০০০৬
ই-মেল : hamiltonpoles@rediffmail.com , ওয়েবসাইট : www.hamiltonpoles.in
৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ

ই পি এস বাদে লাখ টাকায়

বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৬ অনিরীক্ষিত	সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত	সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৫ অনিরীক্ষিত	সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ নিরীক্ষিত
কাজের থেকে মোট আয় (প্রকৃত)	-১.৪৯০	১.৯৫০	-২,৪৭০	০.৪৭০
করের পর সাধারণ কার্যকলাপ থেকে প্রকৃত লাভ/(ক্ষতি)	(১.৪৯০)	১.৮৩০	(২.৪৭০)	০.৩৫০
করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পরে)"	(১.৪৯০)	১.৮৩০	(২.৪৭০)	০.৩৫০
ইকুইটি শেয়ার মূলধন	২০০০০০	২০০০০০	২০০০০০	২০০০০০
মজুত (পূর্ববর্তী বছরের ব্যালান্সশীট অনুযায়ী পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত)	০.০০০	০.০০০	০.০০০	০.০০০
শেয়ার প্রতিআয় (অতিরিক্ত দফার আগে) (প্রতিটি ১০ টাকা করে)				
মূল :	(০.৭৪৫)	০.৯১৫	(১.২৩৫)	০.১৭৫
লঘুকৃত :	(০.৭৪৫)	০.৯১৫	(১.২৩৫)	০.১৭৫
শেয়ার প্রতিআয় (অতিরিক্ত দফার পরে) (প্রতিটি ১০ টাকা করে)"				
মূল :	(০.৭৪৫)	০.৯১৫	(১.২৩৫)	০.১৭৫
লঘুকৃত :	(০.৭৪৫)	০.৯১৫	(১.২৩৫)	০.১৭৫

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানির বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। ৩০.০৬.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক রিপোর্ট পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটেও।
কোম্পানি ওয়েবসাইট : www.hamiltonpoles.in
দ্রষ্টব্য :
(১) উক্ত আর্থিক ফলাফলটি অডিট কমিটি পর্যালোচনা করেছে এবং তা কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের বৈঠকে ০৬.০৮.২০২৬ তারিখে অনুমোদিত হয়েছে।
(২) সেবি (লিস্টিং অবলিগেশন্স অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন্স ২০১৫ এর ৩৩ নং ধারা অনুযায়ী ৩০ জুন ২০২৬ তারিখে হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেডের সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফল স্ট্যাটুটরি অডিটরগণ দ্বারা লিমিটেড রিভিউ সম্পন্ন করা হয়েছে। উক্ত পিরিয়ডের জন্য লিমিটেড রিভিউ রিপোর্টে কোনো কোয়ালিফিকেশন নেই।

বোর্ডের পক্ষে ও সমর্থনে
হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড এর পক্ষে
স্বাঃ/-
প্রিয়াংকা ঝা
ম্যানেজিং ডিরেক্টর
DIN : 08943236

স্থান : কলকাতা
তারিখ : ০৬.০৮.২০২৬